রাজশাহী বোর্ড ২০১৫

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২৫৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

প্রশ্ন-১ ▶ অপূর্ব ব্রাদার্স এর ২০১৪ সালে ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

অপূর্ব ব্রাদার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নিট লাভ		৭২,০০০
সমাপনী মজুদ পণ্য	৩৪,০০০	
উত্তোলন ও মূলধন	১০,০০০	২,১০,০০০
নগদ তহবিল	৫২,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৪৩,০০০	৩২,০০০
ব্যাংকে জমাতিরিক্ত		২০,০০০
প্রাপ্য নোট ও প্রদেয় নোট	১৮,০০০	১২,০০০
সাধারণ সঞ্চিতি		৭৮,০০০
১০% ব্যাংক ঋণ		৫০,০০০
আসবাবপত্র	৭০,০০০	
দালানকোঠা	২,০০,০০০	
বকেয়া বেতন		৬,০০০
সুনাম	৫৩,০০০	
	৪,৮০,০০০	৪,৮০,০০০

সমন্বয়সমূহ :

১. মালিক নিজ প্রয়োজনে ১০,০০০ টাকা উত্তোলন করেছেন কিন্তু হিসাবভুক্ত হয়নি।

২. রফিকের নিকট হতে পাওনা ৩,০০০ টাকা প্রাপ্য হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত এবং তাঁর পাওনা ২,০০০ টাকা প্রদেয় হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত আছে।

৩. মালিক কারবারে অতিরিক্ত মূলধন সরবরাহ করেছেন ৪০,০০০ টাকা কিন্তু তা হিসাবভুক্ত হয়নি।

ক. বিক্রয়ের ওপর নিট লাভের হার ১০% হলে ২০১৪ সালে বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. নির্দিষ্ট তারিখে কারবারের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ত্বরিৎ সম্পদ ও চলতি মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

প্রশ্ন-২ ▶ ২০১৪ সালের ৩১ ডিসেম্বর জনতা ট্রেডার্স এর রেওয়ামিল নিচে উপস্থাপন করা হলো:

জনতা ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ	২০,৮০০	
পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ)	১,৫১,৩৪০	২,১৫,৯৭০
ফেরত	২,৩০০	৩,৪৫০
উত্তোলন ও মূলধন	১৯,৬৬০	১,৮০,০০০
ভ্যাট চলতি হিসাব	৫,০০০	
১০% বিনিয়োগ (১-৪-১৪)	৬০,০০০	
অন্তঃপরিবহন	২,২২০	
বহিঃ পরিবহন	১,২০০	
মজুরি	১৫,০০০	
বেতন	১৮,৪০০	
বিনিয়োগের সুদ		৪,০০০
ভাড়া	১২,৫০০	
নগদ তহবিল ও ব্যাংক জমা	৯৫,০০০	
	৪,০৩,৪২০	৪,০৩,৪২০

অন্যান্য তথ্যাবলি : ১. সমাপনী মজুদ ২৮,৭৫০ টাকা। ২. ভাড়া প্রদানের মাসিক হার ১,২৫০ টাকা।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত করো। ২

খ. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য মোট লাভ নির্ণয় করো। ৪

গ. মোট লাভ ৫০,০০০ টাকা হলে বিশদ আয় বিবরণীর মাধ্যমে নিট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

খ বিভাগ

প্রশ্ন-৩ ▶ ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে জনাব সেলিম নগদ ১,৪০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র নিয়ে সেবাকার্য আরম্ভ করলেন। উক্ত মাসে তার লেনদেনসমূহ নিম্নরূপ :

২০১৪ইং

জানুয়ারি	২	তিন মাসের ভাড়া প্রদান ৬,০০০ টাকা।
"	৫	নগদে সেবা প্রদান ২০,০০০ টাকা এবং ধারে সেবা প্রদান ১০,০০০ টাকা।
"	৭	ধারে মনিহারি ক্রয় ৫,০০০ টাকা।
"	৮	১০,০০০ টাকা মাসিক বেতনে ম্যানেজার নিয়োগ।
"	১০	বিমা প্রদান ২,০০০ টাকা।
"	১৫	৭ তারিখের প্রদেয় অর্থ পরিশোধ।
"	২০	বিজ্ঞাপন বাবদ প্রদান ৩,০০০ টাকা।
"	৩১	আসবাবপত্রের অবচয় ১,০০০ টাকা।

ক. কোন ঘটনাটি লেনদেন নয় চিহ্নিত করো। ২

খ. ২, ৭, ১৫ ও ২০ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত করো (ব্যাখ্যার প্রয়োজন নাই)। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণ তৈরি করো। ৪

প্রশ্ন-৪ ▶ বাবু ট্রেডার্স এর ২০১৪ সালের লেনদেনগুলো নিম্নরূপ :

	টাকা
সন্দেহজনক পাওনা সঞ্চিতি (২-১-২০১৪)	২,০০০
অনাদায়ী পাওনা (৩১-১২-২০১৪)	
লিখিত	১,২০০
অলিখিত	৮০০
প্রাপ্য হিসাব (৩১-১২-২০১৪)	৬০,০০০

ক. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি করো। ৪

প্রশ্ন-৫ ▶ মেসার্স রহিম এন্ড কোং-এ নিম্নের লেনদেনগুলো ২০১৪ সালের জানুয়ারি মাসে সংঘটিত হয়েছে :

২০১৪ইং

জানুয়ারি	১	নগদ তহবিল ২২,০০০ টাকা। ব্যাংক ব্যালেন্স (জমাতিরিক্ত) ৬,০০০ টাকা।
"	৪	পণ্য বিক্রয় বাবদ নগদ ৮,৫০০ টাকা এবং চেকে ১২,৫০০ টাকা পাওয়া গেল। চেকখানি সাথে সাথে ব্যাংকে জমা দেওয়া হলো।
"	৬	ব্যাংকে জমা দেওয়া হল ১৫,০০০ টাকা।
"	৮	নগদে আসবাবপত্র ক্রয় ৩,২০০ টাকা।
"	১০	কর্মচারীদের মজুরি প্রদান ১,৫০০ টাকা।
"	১৫	চেকে পণ্য ক্রয় ২,৫০০ টাকা।
"	২০	রাফাকে চেকে প্রদান ৪,৪৫০ টাকা এবং বাট্টা মঞ্জুর ৫০ টাকা।
"	২২	অফিসের প্রয়োজনে উত্তোলন ১০,০০০ টাকা।
"	২৫	৫০০ টাকার প্রাপ্য নোট ৪৯০ টাকায় বাট্টা করা হল।
"	২৮	২৫ তারিখের প্রাপ্য বিলখানি অমর্যাদাকৃত হল।
"	৩০	ব্যাংক জমাতিরিক্ত সুদ ধার্য করা হল ২০০ টাকা।
"	৩১	সমাপনী উদ্বৃত্তের ৫,০০০ টাকা রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেওয়া হল।

ক. উক্ত লেনদেনগুলির মধ্যে কন্ট্রা নথিগুলি চিহ্নিত করো। ২
খ. ক্রয় হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত করো। ৪
গ. মেসার্স রহিম এন্ড কোং-এর তিনঘরা নগদান বহি তৈরি করো। ৪

প্রশ্ন-৬ ▶ মেসার্স জলক ট্রেডার্স এর নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তসমূহ ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের :

হিসাবের নাম	টাকা
মূলধন	১৬,০০০
ক্রয়	১৫,০০০
মজুরি	৩০০
বিক্রয়	২৫,০০০
প্রারম্ভিক মজুদ	৫,০০০
ভূমি	১০,০০০
যন্ত্রপাতি	১৫,০০০
প্রাপ্য হিসাব	১৫,০০০
প্রদেয় হিসাব	২২,০০০
আন্তঃফেরত	১,১০০
বহিঃফেরত	১০০
বেতন	২,০০০
সাধারণ খরচ	১,৫০০
প্রদত্ত বাট্টা	১০০
প্রাপ্ত বাট্টা	৫০০
হাতে নগদ	৫০০
প্রাপ্য ভাড়া	৩০০
প্রদেয় বিমা	১,০০০
ব্যাংকে জমাতিরিক্ত উত্তোলন	৫০০
প্রাপ্ত কমিশন	৭০০

ক. স্পর্শনীয় স্থায়ী সম্পত্তির পরিমাণ নির্ণয় করো। ২
খ. উদ্বৃত্তসমূহ নিয়ে একটি রেওয়ামিল তৈরি করো। ৪
গ. প্রত্যক্ষ খরচ ও পরোক্ষ খরচের পরিমাণ নির্ণয় করো। ৪

প্রশ্ন-৭ ▶ জনাব মতিউর ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে সেবামূলক প্রতিষ্ঠান শুরু করেন। ৩১ ডিসেম্বর তার প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

হিসাবের খাত	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		১,৭০,০০০
অগ্রিম বিমা	৩০,০০০	
মনিহারি খরচ	৬,০০০	
পুঞ্জিভূত অবচয় — অফিস সরঞ্জাম.		৫০,০০০
অনুপার্জিত সেবা আয়		৪০,০০০
সেবা আয়		১,২০,০০০
অফিস সরঞ্জাম	৩,৪৪,০০০	
	৩,৮০,০০০	৩,৮০,০০০

অন্যান্য তথ্যাবলি :
১. বিমা খরচ প্রতিমাসে ১,০০০ টাকা করে মেয়াদ উত্তীর্ণ হয়।
২. অব্যবহৃত মনিহারি ৫০০ টাকা।
৩. ধারে সেবা প্রদান ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪
গ. একটি ১০ কলামবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করো। ৪

প্রশ্ন-৮ ▶ নিম্নের তথ্যাবলি ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে মেসার্স হাবিব এন্ড কোং এর বই হতে নেওয়া হয়েছে :
১. ৩১-১২-১৪ তারিখে নগদান বই মোতাবেক ব্যাংক জমা ১৮,০০০ টাকা।
২. পরিশোধের জন্য ইস্যুকৃত চেক মোট ৯,০০০ টাকা কিন্তু ৪,০০০ টাকার চেক ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে।
৩. আদায়ের জন্য ৫,০০০ টাকার একখানি চেক ব্যাংকে জমা দেওয়া হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃক আদায় হয়েছে ০৩-০১-২০১৪ তারিখে।
৪. ২,৭০০ টাকার একটি নোট ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে কিন্তু নগদান বইতে লেখা হয়নি।
৫. ব্যাংক লভ্যাংশ আদায় করেছে কিন্তু নগদান বইতে লেখা হয়নি ৫,০০০ টাকা।

ক. ব্যাংক কর্তৃক আদায়কৃত টাকার পরিমাণ নির্ণয় করো। ২
খ. ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়েছে এরূপ লেনদেনের টাকার পরিমাণ নির্ণয় করো। ৪
গ. প্রদত্ত তথ্যাবলি হতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করো। ৪

প্রশ্ন-৯ ▶ মি. হিমু ট্রেডার্স একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখেন। তার হিসাব বহির খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

বিবরণ	১-১-২০১৪ টাকা	৩১-১২-২০১৪ টাকা
নগদ তহবিল	১২,০০০	২০,০০০
ব্যাংকে জমা	২৫,০০০	৩০,০০০
প্রাপ্য হিসাব	১,০০,০০০	৮০,০০০
মজুদ পণ্য	১৮,০০০	৩৮,০০০
আসবাবপত্র	১০,০০০	১০,০০০
ভূমি ও দালানকোঠা	৩০,০০০	৩০,০০০
প্রদেয় হিসাব	৬০,০০০	৩৫,০০০

হিমু প্রত্যেক মাসে ৫০০ টাকা করে নগদ এবং মোট ৮০০ টাকার পণ্য উত্তোলন করেন। ঐ উত্তোলিত টাকা হতে ২,০০০ টাকা দিয়ে তিনি তার প্রতিষ্ঠানের জন্য একটি কম্পিউটার ক্রয় করেন। এছাড়া হিমু তার ব্যক্তিগত ব্যবহৃত একটি সোনার চেইন বিক্রি করে ১,০০০ টাকা প্রতিষ্ঠানে বিনিয়োগ করেন। প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট টাকার ওপর ৩% নিয়ে অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো। আসবাবপত্র, ভূমি ও দালানকোঠার ওপরে যথাক্রমে ১০% ও ৫% অবচয় ধার্য করো। এছাড়াও প্রারম্ভিক মূলধনের ওপর ৫% সুদ ধার্য করো।

ক. নিট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২০১৪ সালের প্রারম্ভিক মূলধন ১,৩৫,০০০ টাকা এবং সমাপনী মূলধন ১,৭৩,০০০ টাকা হলে উক্ত বছরের নিট লাভ-ক্ষতি নির্ণয় করো। ৪
গ. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে হিমু ট্রেডার্স এর আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

উত্তরমালা

১. উত্তর : ক. বিক্রয় ৭,২০,০০০ টাকা। খ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪,৯৮,০০০ টাকা। গ. ত্বরিৎ সম্পদ ১,৪১,০০০ টাকা ও চলতি মূলধন ১,০৭,০০০ টাকা।
২. উত্তর : ক. ভ্যাট চলতি হিসাব ৩,৫৮০ টাকা (ক্রেডিট)। খ. মোট লাভ ৪৭,৯৩০ টাকা। গ. নিট লাভ ১৯,৯০০ টাকা।
৩. উত্তর : ক. ৮ তারিখের ঘটনাটি লেনদেন নয়। খ. জাবেদার যোগফল ১৯,০০০ টাকা। গ. হিসাব সমীকরণের যোগফল ২,১৭,০০০ টাকা।
৪. উত্তর : খ. জাবেদার যোগফল ২,০০০ টাকা। গ. অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবের উদ্বৃত্ত ০ টাকা।
৫. উত্তর : খ. ক্রয় হিসাবের জের ২,৫০০ টাকা ও বিক্রয় হিসাবের জের ২১,০০০ টাকা। গ. নগদ তহবিল ৫,০০০ টাকা; ব্যাংক জমা ২০,১৪০ টাকা; প্রদত্ত বাট্টা ১০ টাকা ও প্রাপ্ত বাট্টা ৫০ টাকা।
৬. উত্তর : ক. স্পর্শনীয় স্থায়ী সম্পত্তি ২৫,০০০ টাকা। খ. রেওয়ামিলের যোগফল ৬৫,৮০০ টাকা। গ. প্রত্যক্ষ খরচ ২০,২০০ টাকা ও পরোক্ষ খরচ ৩,৬০০ টাকা।
৭. উত্তর : ক. সেবা আয় ১,২৫,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ১৭,৫০০ টাকা। গ. সমন্বিত রেওয়ামিলের যোগফল ৩,৮৫,০০০ টাকা, নিট লাভ ১,০৭,৫০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৬৭,৫০০ টাকা।
৮. উত্তর : ক. আদায়কৃত টাকার পরিমাণ ৫,০০০ টাকা। খ. ১৬,৭০০ টাকা। গ. ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমা ২০,৩০০ টাকা।
৯. উত্তর : ক. নিট উত্তোলন ৪,৮০০ টাকা। খ. নিট লাভ ২৮,২১০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০১,১৬০ টাকা।

রাজশাহী বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড : ২ ৫ ৩

১. কোনটি IFRS এর পূর্ণরূপ?
ক International Financial Accounting Reporting Standard
খ International Financial Recording Standard
গ International Financial Reporting Standards
ঘ Internal Financial Reporting Standard

২. তাইজুল এর নিকট হতে ১০% বাট্টায় পাওয়া গেল ৫,৪০০ টাকা। বাট্টার পরিমাণ কত?
ক ৫৪০ টাকা　খ ৬০০ টাকা
গ ৫,৪০০ টাকা　ঘ ৬,০০০ টাকা

৩. নিচের কোনটি মূলধনজাতীয় ব্যয়ের উদাহরণ?
ক বিলম্বিত বিজ্ঞাপন　খ প্রাথমিক খরচাবলি
গ শেয়ার অবহার　ঘ সুদ ব্যয়

৪. বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় করা হলে নিচের কোন হিসাবটি ডেবিট হবে?
ক আসবাবপত্র　খ ক্রয়
গ অফিস সরঞ্জাম,　ঘ সম্পত্তি

৫. চেক প্রস্তুতকারীকে বলা হয়—
ক আদেষ্টা　খ আদিষ্ট
গ প্রাপক　ঘ স্বীকৃতিকারী

উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।
নাহিদ ট্রেডার্স-এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত আর্থিক বছরের হিসাব বই হতে নিম্নোক্ত তথ্যাদি নেয়া হলো—

প্রারম্ভিক মজুদ	২০,০০০ টাকা
ক্রয়	২৮,০০০ টাকা
বিক্রয়	১৮,০০০ টাকা
পরিবহন ব্যয়	৭,০০০ টাকা
সমাপনী মজুদ	৭,০০০ টাকা

পরবর্তীতে দেখা গেল যে, ক্যাশিয়ার কর্তৃক আত্মসাৎকৃত ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

৬. সমন্বিত ক্রয়ের পরিমাণ কত?
ক ১০,০০০ টাকা　খ ৩০,০০০ টাকা
গ ৪১,০০০ টাকা　ঘ ৪৮,০০০ টাকা

৭. আত্মসাৎকৃত ৫,০০০ টাকা হিসাবভুক্ত না করায় আর্থিক বিবরণীতে কী প্রভাব পড়বে?
ক প্রকৃত সম্পত্তি ও মালিকানা স্বত্বের চেয়ে প্রদর্শিত সম্পত্তি ও মালিকানাস্বত্ব বেশি দেখাবে
খ মালিকানা স্বত্ব কমবে ৫,০০০ টাকা
গ ৫,০০০ টাকা দায় বাড়বে ও মালিকানা স্বত্ব কমবে
ঘ সম্পত্তি ও মালিকনা স্বত্ব কমবে ৫,০০০ টাকা

৮. নিট ক্ষতি দ্বারা কি হ্রাস পায়?
ক আয়　খ সম্পত্তি
গ দায়　ঘ মালিকানা স্বত্ব

৯. কোনটি হিসাব চক্রের প্রথম ধাপ?
ক জাবেদা　খ লেনদেন সনাক্তকরণ
গ খতিয়ান　ঘ রেওয়ামিল

১০. নিচের কোনটি কাল্পনিক সম্পদ?
ক প্রাপ্য হিসাব　খ প্রাথমিক খরচ
গ সুনাম　ঘ ট্রেডমার্ক

১১. হিসাববিজ্ঞান একটি—
ক সাধারণ জ্ঞান　খ নীতিবিজ্ঞান
গ ফলিত বিজ্ঞান　ঘ সামাজিক বিজ্ঞান

১২. হিসাববিজ্ঞানের মুখ্য উদ্দেশ্য হলো—
i. আর্থিক তথ্য সরবরাহ করা
ii. লেনদেনের সঠিক ও স্থায়ী হিসাব রাখা
iii. আর্থিক ফলাফল নির্ণয় করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii　গ i ও iii　ঘ i, ii ও iii

১৩. GAAP এর পূর্ণরূপ কোনটি?
ক Generally Accepted Accounting Principles
খ Generally Accepted Accounting Principle
গ General Accepted Accounting Principle
ঘ Generally Accept Accounting Princlpes

১৪. মালিকানা স্বত্ব নির্ণয় কর :

বিবরণ	টাকা
স্থায়ী হিসাব	২,০০,০০০
প্রাপ্য হিসাব	৫০,০০০
প্রদেয় হিসাব	৮০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	৫,০০০
মালিকানা স্বত্ব	?
হাতে নগদ	১০,০০০

ক ১,৭৫,০০০　খ ২,৩৫,০০০
গ ২,৬০,০০০　ঘ ৩,৪৫,০০০

১৫. আর্থিক বিবরণী প্রস্তুতের Road Map কোনটিকে বলা হয়?
ক রেওয়ামিল　খ কার্যপত্র
গ আয় বিবরণী　ঘ খতিয়ান

উদ্দীপকটি পড়ো এবং ১৬-১৮ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব সাকিব আল হাসান ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে ৫০,০০০ টাকা নিয়ে কারবারি আরম্ভ করেন। ৩১ ডিসেম্বর ২০১৪ সালে তার সম্পদ ও দায়ের পরিমাণ ছিল নিম্নরূপ:

দায়সমূহ	টাকা	সম্পদসমূহ	টাকা
ব্যাংকে জমাতিরিক্ত	১০,০০০	নগদ উদ্বৃত্ত	২০,০০০
প্রদেয় হিসাব	১৫,০০০	প্রাপ্য হিসাব	২৫,০০০
বকেয়া খরচ	৫,০০০	মজুদ পণ্য	১৫,০০০
১৫% ঋণ (৩১-০১-২০১৪)	১০,০০০	১০% বিনিয়োগ (৩০-০৬-২০১৪)	৩০,০০০

১৬. জনাব সাকিব আল হাসানের সমাপনী মূলধনের পরিমাণ কত?
ক ৪০,০০০ টাকা　খ ৫০,০০০ টাকা
গ ৬০,০০০ টাকা　ঘ ১,০০,০০০ টাকা

১৭. জনাব সাকিব আল হাসানের ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে মোট চলতি দায়ের পরিমাণ হবে—
ক ২০,০০০ টাকা　খ ২৫,০০০ টাকা
গ ৩০,০০০ টাকা　ঘ ৪০,০০০ টাকা

১৮. যদি মোট লাভ ১১,৫০০ টাকা হয় তবে ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে নিট লাভের পরিমাণ কত হবে?
ক ১০,০০০　খ ১১,৩৭৫
গ ১১,৬২৫　ঘ ১৩,০০০

১৯. ডেবিট নোট কে তৈরি করে?
ক ক্রেতা　খ সরবরাহকারী
গ উৎপাদক　ঘ বিক্রেতা

২০. Depreciation শব্দটি কোন শব্দ হতে উৎপত্তি হয়েছে?
ক Depretum　খ Deptium
গ Depretium　ঘ Depcitium

২১. ১০ ঘরা কার্যপত্রে নিচের কোন কলামগুলো নেয়া হয় না?
i. আয় বিবরণী　ii. মালিকানা স্বত্ব বিবরণী
iii. সংরক্ষিত আয় বিবরণী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii　গ i, ii ও iii　ঘ i ও iii

২২. ব্যাংক শব্দের উৎপত্তি হয়েছে—
ক Banki　খ Banco
গ Bainco　ঘ Bankio

২৩. মোট প্রাপ্ত কমিশন ৫,০০০ টাকার মধ্যে ২,০০০ টাকা পরবর্তী হিসাব বছরের হলে চলতি হিসাব বছরের মুনাফা জাতীয় আয়ের পরিমাণ কত?
ক ২,০০০ টাকা　খ ৩,০০০ টাকা
গ ৫,০০০ টাকা　ঘ ৭,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ২৪-২৫ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব মুশফিকুর রহমানের হিসাব বইতে ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে অনাদায়ী পাওনা প্রভিশন-এর ক্রেডিট উদ্বৃত্ত ছিল ৬,৫০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে অনাদায়ী পাওনা ২,৫০০ টাকা বাদ দেওয়ার পর প্রাপ্য হিসাবের পরিমাণ দাঁড়ায় ৩২,৫০০ টাকা। নতুন অনাদায়ী পাওনা প্রভিশন ৫% হারে হ্রাস করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

২৪. ২০১৪ সালের নতুন অনাদায়ী পাওনার প্রভিশন কত?
ক ১,৬২৫ টাকা　খ ২,৩৭৫ টাকা
গ ৪,৮৭৫ টাকা　ঘ ৮,১২৫ টাকা

২৫. আয় বিবরণীতে কত প্রদর্শিত হবে?
ক ৮৭৫ টাকা　খ ১,৬২৫ টাকা
গ ২,৩৭৫ টাকা　ঘ ৪,৮৭৫ টাকা

২৬. অবচয় ধার্যের কারণ—
i. সামঞ্জস্যতার নীতি　ii. কর সাশ্রয়
iii. সম্পত্তির প্রতিস্থাপন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii　গ i ও iii　ঘ i, ii ও iii

২৭. "প্রত্যেকটি ডেবিট-এর অবশ্যই সমপরিমাণ ও বিপরীত ক্রেডিট থাকবে।"— এটি GAAP এর কোন নীতি?
ক ক্রয় মূল্য নীতি　খ দৈত্ত ফলাফল নীতি
গ আদায়করণ ধারণা　ঘ সামঞ্জস্যতা

২৮. ক্রয় হিসাবকে ডেবিট করার পরিবর্তে যদি ভুলবশত ক্রেডিট করা হয়, সংশোধনী জাবেদায় ক্রয় হিসাবকে কী করতে হবে?
ক দ্বিগুণ টাকায় ডেবিট করতে হবে
খ সমপরিমাণ টাকায় ক্রেডিট করতে হবে
গ সমপরিমাণ টাকায় ডেবিট করতে হবে
ঘ দ্বিগুণ টাকায় ক্রেডিট করতে হবে

২৯. আন্তর্জাতিকভাবে স্বীকৃতি পায় কোনটি?
ক ক্রয়-বিক্রয় হিসাব　খ লাভ-লোকসান হিসাব
গ একতরফা দাখিলা পদ্ধতি　ঘ দু'তরফা দাখিলা পদ্ধতি

৩০. আনাফুল ট্রেডার্স-এর ২০১৪ সালের ধারে বিক্রয় ২০,০০০ টাকা। অনুমান করা যাচ্ছে যে অনাদায়ী পাওনার পরিমাণ বছরে ১০% হবে। এই পরিস্থিতিতে আনাফুল ট্রেডার্স কী ব্যবস্থা নেবে?
ক বাকিতে বিক্রয় না করা
খ দেনাদারের সাথে খারাপ ব্যবহার করা
গ নগদ বাট্টার পরিমাণ বাড়িয়ে দেয়া
ঘ অনাদায়ী পাওনার জন্য ভবিষ্যৎ ব্যবস্থা করা

৩১. বিক্রীত পণ্যের ব্যয় নির্ধারণে দফাগুলো বিবেচিত হয়—
i. প্রারম্ভিক মজুদ, ক্রয় ও মজুরি
ii. সমাপনী মজুদ, জাহাজ ভাড়া ও আমদানি শুল্ক
iii. বিক্রয় বাট্টা, বিক্রয় ফেরত ও বিক্রয় পরিবহন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii　গ i ও iii　ঘ i, ii ও iii

৩২. জনাব আসিফ নগদ ১,০০,০০০ টাকা, ৭০,০০০ টাকার যন্ত্রপাতি ও ২০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। যদি বাকির নিকট বিক্রয় ৮,০০০ টাকা ও ভাড়া প্রদান ৫,০০০ টাকা হয় তবে নগদান হিসাবের জের হবে—
ক ৯৫,০০০ টাকা　খ ১,০০,০০০ টাকা
গ ১,০৩,০০০ টাকা　ঘ ১,০৫,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
শচিন মেশিনারির মেশিন ক্রয়ের হিসাব নিম্নরূপ:

২০১২ জানুয়ারি-১	১,০০,০০০ টাকা
২০১২ জুন-৩০	৭০,০০০ টাকা
২০১৪ মার্চ-৩১	৯০,০০০ টাকা

২০১২ সালের জুন ৩০ তারিখে যে মেশিনটি ক্রয় করা হয়েছিল তা জুলাই-১, ২০১৩ সালে ৬০,০০০ টাকায় বিক্রয় হয়। স্থিরকিস্তি পদ্ধতিতে ১০% অবচয় ধার্য করা হলো—

৩৩. ডিসেম্বর ৩১, ২০১২ তারিখে মোট অবচয়ের পরিমাণ হবে—
ক ৮,৫০০ টাকা　খ ১০,০০০ টাকা
গ ১৩,৫০০ টাকা　ঘ ১৭,০০০ টাকা

৩৪. জুলাই ১, ২০১৩ সালে মেশিন বিক্রয় বাবদ কত টাকা লাভ বা ক্ষতি হয়েছে?
ক লাভ ৫০০ টাকা　খ ক্ষতি ৩,০০০ টাকা
গ ক্ষতি ৬,৫০০ টাকা　ঘ ক্ষতি ১০,০০০ টাকা

৩৫. হিসাববিজ্ঞানের তিনটি "C" আছে, এগুলি দ্বারা বুঝায়—
ক cost, consistency, convention
খ cost, consumer, consistency
গ costing, consisting, convention
ঘ cost, conservatism, consistency

৩৬. জনাব আরিফ খান জুলাই ৩১, ২০১৪ তারিখে ১২% সুদে ১,০০,০০০ টাকা সোনালী ব্যাংকের স্থায়ী হিসাবে বিনিয়োগ করেন। ২০১৪, ৩১ শে ডিসেম্বর তারিখে রেওয়ামিল তৈরির সময় দেখলেন যে, বিনিয়োগের অনাদায়ী সুদ হিসাবভুক্ত হয়নি। বিনিয়োগের অনাদায়ী সুদ রেওয়ামিলে বসবে—
ক ডেবিট পাশে ৫,০০০ টাকা　খ ক্রেডিট পাশে ৫,০০০ টাকা
গ ডেবিট পাশে ৬,০০০ টাকা　ঘ ডেবিট পাশে ৬,০০০ টাকা

৩৭. ব্যবসায়ের আর্থিক অবস্থা মজবুত করে—
i. সঞ্চিতি　ii. ভবিষ্যৎ ব্যবস্থা
iii. গোপন সঞ্চিতি
নিচের কোনটি সঠিক?
ক i　খ i ও ii　গ ii ও iii　ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৮ - ৩৯ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব নাহিদ হোসেন তুবা এন্টারপ্রাইজ এর প্রধান হিসাবরক্ষক। তার হিসাব বইতে নিম্নলিখিত তথ্যাবলি প্রকাশ পায়:
ভাড়া $\left(\frac{৩}{৪}\text{ অংশ}\right)$ ৯,০০০ টাকা, ১৫% বিনিয়োগ (৩১-০৩-২০১৪) ৩০,০০০ টাকা, বিনিয়োগ সুদ ১,০০০ টাকা।

৩৮. ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে বকেয়া ভাড়ার পরিমাণ কত?
ক ২,২৫০ টাকা　খ ৩,০০০ টাকা
গ ৬,৭৫০ টাকা　ঘ ৯,০০০ টাকা

৩৯. যদি ৩০-০৬-২০১৪ তারিখে পুনরায় একই হার সুদে ৫০,০০০ টাকা বিনিয়োগ করে, তা হলে মোট বিনিয়োগের সুদের পরিমাণ হবে—
ক ৩,৩৭৫ টাকা　খ ৩,৭৫০ টাকা
গ ৪,৮৭৫ টাকা　ঘ ৭,১২৫ টাকা

৪০. ২০১৪ সালের ৩১ শে জুন তারিখে জনাব আবুল হোসেনের ব্যবসায় নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা, আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত ১২,০০০ টাকার চেকটি এখনো আদায় হয়নি এবং ১৫,০০০ টাকার ইস্যুকৃত অন্য একটি চেক এখনো ব্যাংকে উপস্থাপন করা হয়নি। ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংকে জমার উদ্বৃত্ত কত টাকা?
ক ৫,০০০ টাকা　খ ৮,০০০ টাকা
গ ১৭,০০০ টাকা　ঘ ২৩,০০০ টাকা

১	গ	২	ক	৩	ঘ	৪	খ	৫	ক	৬	গ	৭	ক	৮	ঘ	৯	খ	১০	খ	১১	ঘ	১২	ঘ	১৩	ক	১৪	ক	১৫	ঘ	১৬	খ	১৭	গ	১৮	গ	১৯	ক	২০	গ
২১	ঘ	২২	খ	২৩	ঘ	২৪	গ	২৫	ক	২৬	ঘ	২৭	ঘ	২৮	ক	২৯	ঘ	৩০	ঘ	৩১	ক	৩২	ক	৩৩	গ	৩৪	খ	৩৫	ঘ	৩৬	ক	৩৭	গ	৩৮	খ	৩৯	ঘ	৪০	ঘ